পদক্ষেপ
মানবিক উন্নয়ন কেন্দ্র
+৮৮০ ২ ৫৮১৫১১২৬, ০১৭৭৭৭৯১১২২
+880 2 58151126, 01777791122
info@padakhep.org
www.padakhep.org
এস টাওয়ার, ২৮/১, পশ্চিম তেজতুরি বাজার, তেজগাঁও, ঢাকা-১২১৫
S Tower, 28/1, West Tejturi Bazar, Tejgaon, Dhaka-1215

স্মারক নংঃ পদ/পক/এইচ. আর এন্ড এডমিন/২০২৪/৩২০৪ — তারিখঃ ১৩/০৫/২০২৪ খ্রিস্টাব্দ

# অফিস আদেশ

**বিষয়ঃ সংস্থায় "পর্যবেক্ষণ ও মূল্যায়ন ইউনিট (Monitoring & Evaluation Unit)" গঠন এবং এর কার্যক্রম পরিচালনা প্রসঙ্গে।**

ক. সংস্থার সকল উইং (প্রোগ্রাম উইং, মাইক্রোফিন্যান্স উইং এবং এন্টারপ্রাইজ উইং) এর আওতায় বাস্তবায়নাধীন সকল প্রকল্প সমূহের নিয়মিত পর্যবেক্ষণ ও মূল্যায়ন কার্য সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে ব্যবস্থাপনা কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুসারে **জনাব মোঃ রফিকুল ইসলাম, উপদেষ্টা (শিক্ষা)** এর নেতৃত্বে **"পর্যবেক্ষণ ও মূল্যায়ন ইউনিট (Monitoring & Evaluation Unit)"** নামে একটি ইউনিট গঠন করা হলো।

খ. অত্র ইউনিটের আওতায় প্রাথমিকভাবে জনাব আনিছ হোসেন চৌধুরী, কর্মী পরিচিতি নং-০০০০১৫০৫৯৮, যুগ্ম পরিচালক (শিক্ষা, শিশু উন্নয়ন ও জেন্ডার) এবং জনাব আয়েশা সিদ্দীকা, কর্মী পরিচিতি নং-০১৫৭৪৫০১২১, সহকারী পরিচালক, প্রোগ্রাম ডেভেলপমেন্ট এন্ড ইমপ্লিমেন্টেশন সেল কে বর্তমান দায়িত্ব পালনের পাশাপাশি অত্র ইউনিটে দায়িত্ব পালনের জন্য সংযুক্ত করা হলো। তারা জনাব মোঃ রফিকুল ইসলাম, উপদেষ্টা (শিক্ষা) এর তত্ত্বাবধানে থেকে প্রণীত নির্দেশনা ও কার্যপরিধির আলোকে দায়িত্ব পালন করবেন এবং তার নিকট জবাবদিহী করবেন ও দায়বদ্ধ থাকবেন। কার্যক্রমের কলেবর বিবেচনায় প্রযোজ্য বিবেচিত হলে পরবর্তীতে প্রয়োজনীয় জনবল সংযুক্ত করা হবে।

গ. একই সাথে সংস্থা কর্তৃক বিভিন্ন উন্নয়ন প্রকল্প গ্রহণের অংশ হিসেবে Project Proposal, Expression of Interest প্রভৃতি তৈরী ও স্ব স্ব দপ্তরে দাখিলের জন্য ইতিপূর্বে গঠিত যৌথ টিম (Joint Team) এর সামগ্রিক কার্যক্রমের সমন্বয় সাধনের দায়িত্বও **জনাব মোঃ রফিকুল ইসলাম, উপদেষ্টা (শিক্ষা)** এর নিকট ন্যস্ত করা হলো।

ঘ. অত্র অফিস আদেশ জারির তারিখ থেকে কার্যকর হবে এবং পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত বলবৎ থাকবে।

সংশ্লিষ্ট সকলকে এ বিষয়ে প্রয়োজনীয় সহযোগীতা প্রদান করতে বলা হলো।

**(মোঃ সালেহ বিন সামস)**
**নির্বাহী পরিচালক**

**<u>অনুলিপিঃ (সদয় অবগতির জন্য)</u>**
প্রেসিডেন্ট মহোদয়, পদক্ষেপ মানবিক উন্নয়ন কেন্দ্র।

**<u>অনুলিপিঃ অবগতি ও কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য (ই-মেইলে প্রেরণ করা হলো)</u>**
১) পরিচালক, মাইক্রোফিন্যান্স উইং এবং ভারপ্রাপ্ত পরিচালক, প্রোগ্রাম ও এন্টারপ্রাইজ উইং, প্রধান কার্যালয়।
২) পরিচালক, আই.সি.টি বিভাগ, প্রধান কার্যালয়।
৩) সকল উইং / বিভাগ / প্রোগ্রাম / ব্যবস্থাপনা ইউনিট প্রধান, প্রধান কার্যালয়।
৪) সকল জোন / এরিয়া / ব্রাঞ্চ / প্রকল্প অফিস প্রধান, মাঠ কার্যালয়।
৫) জনাব মোঃ রফিকুল ইসলাম, উপদেষ্টা (শিক্ষা), প্রধান কার্যালয়।
৬) পর্যবেক্ষন ও মূল্যায়ন ইউনিট-এ সংযুক্ত / পোস্টিংপ্রাপ্ত সংশ্লিষ্ট কর্মীবৃন্দ।
৭) সিনিঃ সহকারী পরিচালক, আই.সি.টি বিভাগ, প্রধান কার্যালয় (অফিস আদেশটি সংস্থার ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৮) সংস্থায় কর্মরত সকল কর্মী।
৯) অফিস কপি।